# তৃতীয় পর্যায়ক্রমিক মূল্যায়ন ২০২৫

## নবম শ্রেণি | বিষয় : ইতিহাস

**সময় : ৩ ঘণ্টা ১৫ মিনিট** **পূর্ণমান : ৯০**

**১. নীচের প্রশ্নগুলির একটি বাক্যে উত্তর দাও :** **১ × ১০ = ১০**

**(i)** ফ্রান্সকে 'ভ্রান্ত অর্থনীতির জাদুঘর' বলা হয় কোন গ্রন্থে ?
**(ii)** ফ্রান্সে 'তেই' কর কাদের থেকে নেওয়া হত না ?
**(iii)** অঁসিয়া রেজিম কথাটির অর্থ কী ?
**(iv)** একজন ফরাসি দার্শনিকের নাম লেখ।
**(v)** 'টেনিস কোর্টের শপথ' কত সালে হয় ?
**(vi)** স্বাধীনতার বৃক্ষ কে রোপন করেন ?
**(vii)** ইউরোপীয় রাজনীতিতে ১৭৯৯-১৮১৪ খ্রীঃ পর্যন্ত সময়কালকে কী বলা হয়?
**(viii)** 'কার্লসবাড ডিক্রি' কে জারি করেন ?
**(ix)** 'রিসর্জিমেন্টো' কথাটির অর্থ কী ?
**(x)** আধুনিক সমাজবাদের জনক কাকে বলা হয় ?

**২. সঠিক উত্তরটি নির্বাচন করো :** **১ × ১০ = ১০**

**(i)** 'জোলভেরাইন' শুল্ক সংঘের নেতৃত্ব দেয় — (অস্ট্রিয়া / প্রাশিয়া / রাশিয়া / ফ্রান্স)।
**(ii)** ইতালির ঐক্য আন্দোলন সম্পূর্ণ হয় — (ভিনিসিয়া / রোম / নেপলস / সিসিলি) লাভ করার মধ্য দিয়ে।
**(iii)** সিনোপের নৌযুদ্ধ রাশিয়া হারায় — (তুরস্ককে / প্রাশিয়াকে / জার্মানিকে / ফ্রান্সকে)।
**(iv)** বাষ্পচালিত ইঞ্জিন আবিষ্কার করেন — (হামফ্রি ডেভি / জন স্মিটন / জর্জ স্টিফেনসন / জন কে)।
**(v)** 'দ্য মাদার' উপন্যাসের লেখক — (টলস্টয় / রুশো / ম্যাক্সিম গোর্কি / গ্যারিবল্ডি)।
**(vi)** সুয়েজ খাল জাতীয়করণ হয় — (১৯৫৬ খ্রীঃ / ১৯৪৬ খ্রীঃ / ১৮৫৮ খ্রীঃ / ১৯৬৬ খ্রীঃ)।
**(vii)** প্রথম বলকান যুদ্ধের অবসান ঘটে — (প্যারিস চুক্তির দ্বারা / পিকিং চুক্তির দ্বারা / লন্ডন চুক্তির দ্বারা / ভার্সাই চুক্তির দ্বারা)।
**(viii)** 'ল্যান্ড অ্যান্ড লিবার্টি' নামের গুপ্ত সমিতিটি ছিল — (চীনে / আমেরিকায় / আফ্রিকায় / রাশিয়ায়)।
**(ix)** প্রথম বিশ্বযুদ্ধ শুরু হয় — (১৯১৪ খ্রীঃ / ১৯৩৯ খ্রীঃ / ১৯১৮ খ্রীঃ / ১৯৪৫ খ্রীঃ)।
**(x)** ওয়াল স্ট্রিট হল — (মার্কিন শেয়ার বাজার / মার্কিন বস্ত্র বাজার / ইংল্যান্ডের শিল্পাঞ্চল / ফ্রান্সের রাজধানী)।

**৩. শূন্যস্থান পূরণ করো :** **১ × ৫ = ৫**

**(i)** ................................... শব্দ থেকে বুর্জোয়া শব্দের উৎপত্তি।
**(ii)** নাৎসি দলের মুখপাত্রের নাম ছিল ...................................।
**(iii)** দ্বিতীয় বিশ্বযুদ্ধে পরমাণু বোমা ফেলা হয়েছিল ................................... ও ................................... শহরে।
**(iv)** আমেরিকার অস্ত্র সরবরাহের নীতির নাম ...................................।
**(v)** ১৯৩৭ সালে ................................... চুক্তি সাম্যবাদের প্রসার রোধ করে।

**৪. ঠিক বা ভুল নির্ণয় করো :** **১ × ৫ = ৫**

**(i)** "আমিই বিপ্লব" কথাটি বলেন তৃতীয় নেপলিয়ন।
**(ii)** বারবারোসা অভিযান শুরু করে রাশিয়ার বাহিনী।
**(iii)** জার্মানি পার্ল হারবার আক্রমণ করে ১৯৪১ খ্রিঃ।
**(iv)** আমেরিকা ও রাশিয়ার মধ্যে আদর্শগত দ্বন্দ্বকে ঠান্ডা লড়াই রাজনীতি বলে।
**(v)** রাষ্ট্রসংঘের সদর দপ্তর নিউইয়র্ক।

**৫. 'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও :** **১ × ৬ = ৬**

| 'ক' স্তম্ভ | 'খ' স্তম্ভ |
|---|---|
| (i) অ্যান্তনিও সুতারেস | (a) নরওয়ে |
| (ii) পোপুলো দ্য ইতালিয়া | (b) উড্রো উইলসন |
| (iii) ট্রিগভি লি | (c) পর্তুগাল |
| (iv) ম্যাজিনো লাইন | (d) রাশিয়া |
| (v) 'চোদ্দো দফা নীতি' | (e) মুসোলিনি |
| (vi) জুলিয়েন ক্যালেন্ডার | (f) যুদ্ধ ক্ষেত্র |

**৬. দু-তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো ১১টি) :** **২ × ১১ = ২২**

**(i)** মার্শাল পরিকল্পনা কী ?

**(ii)** স্টালিনগ্র্যাডের যুদ্ধ কবে কাদের মধ্যে হয়েছিল ?

**(iii)** উষ্ণজল নীতি কী ?

**(iv)** ব্লাস্ট ফারনেস কে আবিষ্কার করেন ? এটি কী কাজে লাগে ?

**(v)** ইংল্যান্ড ও ফ্রান্সে সমাজতন্ত্রবাদের জনক কাদেরকে বলা হয় ?

**(vi)** কার আমলে কোথায় নিহিলিজম আন্দোলন শুরু হয় ?

**(vii)** শ্লাইফেন পরিকল্পনা কী ?

**(viii)** রাশিয়ায় কত খ্রিষ্টাব্দে কে প্রথম জার উপাধি গ্রহণ করেন ?

**(ix)** অক্ষশক্তি জোট ও মিত্রশক্তি জোটে কোন কোন দেশ ছিল ?

**(x)** 'ডি ডে' বা মুক্তি দিবস কী ?

**(xi)** U.N.O কী ? কেন তৈরি করা হয় ?

**(xii)** DUKW কী ?

**৭. নিম্নলিখিত যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও :** **৪ × ৬ = ২৪**

**(i)** ফরাসি বিপ্লবে নারীর ভূমিকা লেখো।

**(ii)** টিকা লেখো : নেপোলিয়নের আমলে ইউরোপের পুনর্গঠন।

**(iii)** ইতালির ঐক্য আন্দোলনে ম্যাৎসিনির ভূমিকা লেখো।

**(iv)** টিকা লেখো : প্যারি কমিউন।

**(v)** বিশ্বশান্তি প্রতিষ্ঠায় উড্রো উইলসনের চোদ্দো দফা নীতির ভূমিকা লেখো।

**(vi)** টিকা লেখো : নিউ ইকোনমিক পলিসি অব লেনিন (NEP)।

**(vii)** উগ্র জাতীয়তাবাদের প্রচারে ভার্সাই সন্ধির শর্তাবলির ভূমিকা লেখো।

**(viii)** টিকা লেখো : ইঙ্গ-ফরাসি তোষণ নীতি।

**(ix)** সম্মিলিত জাতিপুঞ্জের গঠনতন্ত্র আলোচনা করো।

**৮. নিম্নলিখিত যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** **৮ × ১ = ৮**

**(i)** বিশ্ব ইতিহাসে দ্বিতীয় বিশ্বযুদ্ধের কী প্রভাব পড়েছিল লেখো।

**(ii)** সমাজ, রাজনীতি ও অর্থনীতিতে শিল্প বিপ্লবের প্রভাব লেখো।

**(iii)** জার্মানিতে নাৎসিবাদী শক্তির উত্থান কীভাবে হয়েছিল লেখো।

HAZARNOTES.COM